

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- এসএসসি/এইচএসসি/ভোক/প্রজেক্ট/১৫৭২/

তারিখ : /০৮/২০১৬ খ্রিঃ

বিষয় : পাবনা টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর (কার্পেন্ট্রি) জনাব মোহাম্মদ এরশাদুর রহমান ভূঁইয়ার একমাত্র সন্তানের চিকিৎসা ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।

সূত্র : কারিগরি শিক্ষা অধিদপ্তর স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৯.৩২.০২৪.১৬.১৫৫ তারিখ : ০৮/০৩/২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রক্ষেপে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন পাবনা টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর (কার্পেন্ট্রি) জনাব মোহাম্মদ এরশাদুর রহমান ভূঁইয়ার একমাত্র ছেলে মোঃ নাজমুল হাসান ভূঁইয়াকে নিয়ে ভারতের তামিল নাড়ু ভেলরে একটি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। সেখানে তাঁর ছেলের ব্লাড ক্যান্সার ধরা পড়ায় চিকিৎসার জন্য ৩০ লাখ রুপি বা বাংলাদেশের হিসাবে ৩৭ লক্ষ টাকা খরচ হবে বলে ডাক্তার জানিয়েছেন। তিনি জমি, অন্যান্য সম্পত্তি বিক্রি এবং কারিগরি শিক্ষা অধিদপ্তর, ১টি পলিটেকনিক ও ২৮টি টেকনিক্যাল স্কুল ও কলেজ- এর আর্থিক সহায়তায় ২২ লাখ রুপি বাংলাদেশি টাকায় প্রায় ২৬ লাখ টাকা হাসপাতালে জমা দেন। বাকি ৬ লাখ টাকা এই মাসের মধ্যে জমা দিতে হবে বলে তিনি জানান।

২। কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন ইঞ্জিনিয়ারিং কলেজ, টিচার্স ট্রেনিং কলেজ, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, পলিটেকনিক, মনোটেকনিক, টেকনিক্যাল স্কুল ও কলেজ, সেন্ট্রাল স্টোর-কাম সার্ভিস ওয়ার্কসপ নিয়ে সর্বমোট ১২৮টি প্রতিষ্ঠানের মধ্য হতে এ পর্যন্ত ৩০টি প্রতিষ্ঠান হতে সাহায্য পাওয়া গেছে। প্রতিষ্ঠানসমূহ হচ্ছে- (১) কারিগরি শিক্ষা অধিদপ্তর (২) পাবনা পলিটেকনিক ইন্সটিটিউট (৩) পাবনা টিএসসি (৪) রংপুর টিএসসি (৫) কক্সবাজার টিএসসি (৬) নড়াইল টিএসসি (৭) শরীয়তপুর টিএসসি (৮) নীলফামারী টিএসসি (৯) বি-বাড়ীয়া টিএসসি (১০) বান্দরবন টিএসসি (১১) গোপালগঞ্জ টিএসসি (১২) গাজীপুর টিএসসি (১৩) মানিকগঞ্জ টিএসসি (১৪) গৌরীপুর টিএসসি (১৫) রাজবাড়ি টিএসসি (১৬) কুষ্টিয়া টিএসসি (১৭) মেহেরপুর টিএসসি (১৮) মাগুরা টিএসসি (১৯) নাটোর টিএসসি (২০) চাঁপাইনবাবগঞ্জ টিএসসি (২১) ফেনী টিএসসি (২২) নওগাঁ টিএসসি (২৩) চাঁদপুর টিএসসি (২৪) ঠাকুরগাঁও টিএসসি (২৫) হোসেনাবাদ টিএসসি (২৬) নেত্রকোনা টিএসসি (২৭) ভৈরব টিএসসি (২৮) খাগড়াছড়ি টিএসসি (২৯) বরিশাল টিএসসি (৩০) বিনাইদহ টিএসসি।

৩। অবশিষ্ট ৯৮টি প্রতিষ্ঠান হতে এখন পর্যন্ত কোন আর্থিক সাহায্য পাওয়া যায়নি। সেসকল প্রতিষ্ঠান হতে এখন পর্যন্ত সাহায্য পাওয়া যায়নি, সেসকল প্রতিষ্ঠান প্রধানগণকে কর্মরত কর্মকর্তা, শিক্ষক-কর্মচারীবৃন্দের কাছ থেকে আর্থিক সাহায্য উত্তোলন করে দ্রুত নিম্ন সঞ্চয়ী হিসাব নম্বরে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আর্থিক সাহায্য পাঠানোর ঠিকানা : Md. Earsadur Rahman Bhuiyan, সঞ্চয়ী হিসাব নম্বর-১৬৯.১০১.৩৭৮৬, ডাচ বাংলা ব্যাংক লিঃ, পাবনা শাখা, পাবনা।

স্বাক্ষরিত/-  
(মোঃ মিজানুর রহমান)  
যুগ্ম সচিব  
পরিচালক (ভোকেশনাল)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

- প্রাপক : ক) অধ্যক্ষ  
টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা।
- খ) অধ্যক্ষ  
ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
- গ) অধ্যক্ষ  
..... পলিটেকনিক ইনস্টিটিউট, .....
- ঘ) অধ্যক্ষ  
বাংলাদেশ গাস এন্ড সিরামিক্স, তেজগাঁও, ঢাকা/ গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, মোহাম্মদপুর, ঢাকা।
- ঙ) অধ্যক্ষ  
..... টেকনিক্যাল স্কুল ও কলেজ, .....
- চ) আঞ্চলিক পরিদর্শক  
আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, টেকনিক্যাল স্কুল ও কলেজ সমূহ, .....
- ছ) ইকুইপমেন্ট অফিসার  
সেন্ট্রাল স্টোর-কাম-সার্ভিস ওয়ার্কসপ, পাঠানটুলী, নারায়নগঞ্জ।

স্মারক নং- এসএসসি/এইচএসসি/ভোক/প্রজেক্ট/১৫৭২/ ৩০৬৫ (৭)

তারিখ : ২০/০৮/২০১৬ খ্রিঃ

'অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। পরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/পি.আই.ইউ/পি.আই.ডিবিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০২। সহকারী পরিচালক (ডিডিও), ভোকেশনাল শাখা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৩। জনাব মোহাম্মদ এরশাদুর রহমান ভূঁইয়া, জুনিয়র ইন্সট্রাক্টর (কার্পেন্ট্রি), পাবনা টেকনিক্যাল স্কুল ও কলেজ, পাবনা।
- ০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি. সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
- ০৫। পিএ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। পিএ টু পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা [পরিচালক (ভোকেশনাল) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ০৭। সংরক্ষণ নথি।

(বি.এম. আমিনুল ইসলাম)  
সহকারী পরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।